গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/মেডিঃ টেকঃ/কার্ডিওগ্রাফার নিয়োগ/২০২০ (অংশ-২)/ ৩০২৪ তারিখ ১৬/০৫/২০২৩

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন স্বাস্থ্য অধিদপ্তরের বিভিন্ন স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে নবসৃজিত নিম্নবর্ণিত শূন্য পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইন (Online) এ **http://dghsc.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে** দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল-২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | মেডিকেল টেকনোলজিষ্ট (ল্যাবরেটরী) | ৪৯৭ (চারশত সাতানব্বই) | ১১তম গ্রেড, ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ল্যাবরেটরী) এ ডিপ্লোমা ডিগ্রী। |
| ২. | মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিওগ্রাফী) | ১১৫ (একশত পনের) | ১১তম গ্রেড, ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (রেডিওগ্রাফী) এ ডিপ্লোমা ডিগ্রী। |
| ৩. | মেডিকেল টেকনোলজিষ্ট (ডেন্টাল) | ১১১ (একশত এগার) | ১১তম গ্রেড, ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ডেন্টাল) এ ডিপ্লোমা ডিগ্রী। |
| ৪. | মেডিকেল টেকনোলজিষ্ট(ফিজিওথেরাপী) | ১১৩ (একশত তের) | ১১তম গ্রেড, ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (ফিজিওথেরাপী) এ ডিপ্লোমা ডিগ্রী। |
| ৫. | মেডিকেল টেকনোলজিষ্ট (রেডিওথেরাপী) | ৫৩ ( তিপ্পান্ন) | ১১তম গ্রেড, ১২৫০০-৩০২৩০/- | কোনো স্বীকৃত ইনষ্টিটিউট হইতে মেডিকেল টেকনোলজি (রেডিওথেরাপী) এ ডিপ্লোমা ডিগ্রী। |
| ৬. | মেডিকেল টেকনিশিয়ান (ইসিজি) | ৪৬০ (চারশত ষাট) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ৭. | মেডিকেল টেকনিশিয়ান (এনেসথেসিয়া) | ৩০২ (তিনশত দুই) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ৮. | মেডিকেল টেকনিশিয়ান (ডায়ালাইসিস) | ৩০২ (তিনশত দুই) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ৯. | মেডিকেল টেকনিশিয়ান (বায়োমেডিকেল) | ২১১ (দুইশত এগার) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ১০. | মেডিকেল টেকনিশিয়ান (ইটিটি) | ১২২ (একশত বাইশ) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ১১. | মেডিকেল টেকনিশিয়ান (পারফিউশনিষ্ট) | ০১ (এক) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ১২. | মেডিকেল টেকনিশিয়ান (সিমুলেটর) | ০২ (দুই) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ১৩. | মেডিকেল টেকনিশিয়ান (অর্থোপেডিক্স) | ০২ (দুই) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |
| ১৪. | মেডিকেল টেকনিশিয়ান (ইকো) | ২৪৮ (দুইশত আটচল্লিশ) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর বাস্তব কাজ করার অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | কার্ডিওগ্রাফার | ১৫০ (একশত পঞ্চাশ) | ১৬তম গ্রেড, ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক/সমমান পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে যে কোনো প্রতিষ্ঠানে ০৩ (তিন) বৎসর কাজ করার অভিজ্ঞতা। |

আবেদনের শর্ত ও নিয়মাবলী:

১. ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক আগ্রহী সকল প্রার্থীগণকে http://dghsc.teletalk.com.bd এ ওয়েবসাইটে Online -এ আবেদনপত্র পূরণ করতে হবে। সরাসরি/ডাকযোগে কোনো আবেদন গ্রহণ করা হবে না।
২. নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।
৩. আবেদনকারীর বয়স [illegible] ইং তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। বীর মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
৪. সরকারি/আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।
৫. প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি প্রদর্শন করতে হবে এবং ০২ (দুই) কপি সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি।
(খ) চাকুরীর আবেদন করতে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত) জাতীয়তা সনদপত্রের মূল/সত্যায়িত কপি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঘ) বীর মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানের সন্তান কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে পৌর মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ইউ পি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
(ঙ) ক্ষুদ্র নৃ গোষ্ঠী ও অন্যান্য কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
৬. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
৭. প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোনো দৈনিক ভাতা ও যাতায়ত ভাতা প্রদান করা হবে না।
৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
৯. আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় **২০/০৩/২০২২ খ্রি.** ইং সকাল ১০.০০ টা হতে।
(ii) Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় **২১/০৪/২০২২ খ্রি.** ইং বিকাল **৫.০০** টা পর্যন্ত।
(iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদন Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
১০. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ ×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে।
১১. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit- করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
১২. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।
১৩. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন পত্র (Appliction Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Appliction Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID,ছবি এবং স্বাক্ষর যুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা, Teletalk এর **সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা (অফেরতযোগ্য) মোট ১১২/- টাকা** অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online -এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online -এ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** DGHSC<space>**UserID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
(Example: **DGHSC ABCDEF**

Reply: Applicant's Name, Tk-.......... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DGHSC<Space>Yes<Space> PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DGHSC<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **DGHSC YES 12345678**

Reply: Congratulations Applicant's Name, payment completed succeessfully for DGHSC Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

১৪. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dghsc.teletalk.com.bd** অথবা www.dghs.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনায় তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
১৫. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১৬. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

**i) User ID জানা থাকলে: DGHSC**<space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222

Example: **DGHSC HELP USER ABCDEF**

**ii) PIN Number জানা থাকলে: DGHSC**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222

Example: **DGHSC HELP PIN 12345678**

১৭. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও স্বাস্থ্য অধিদপ্তর এর Website: www.dghs.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতৎসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.dghs.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৮. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা **DGHSC.gov.bd@gmail.com** ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DGHSC, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৯. স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- (১) স্বাঃঅধিঃ/প্রশা-২/মেডিঃটেকঃ/ কার্ডিওগ্রাফার নিয়োগ/২০২০/২৩০২ তারিখ ২৯/০৬/২০২০খ্রিঃ, (২) স্মারক নং- স্বাঃঅধিঃ/প্রশা-২/মেডিঃটেকঃ/কার্ডিওগ্রাফার নিয়োগ/২০২০/২৩০৩ তারিখঃ ২৯/০৬/২০২০খ্রিঃ এবং (৩) স্মারক নং- স্বাঃঅধিঃ/প্রশা-২/মেডিঃটেকঃ/ কার্ডিওগ্রাফার নিয়োগ/২০২০/২৩০৪ তারিখঃ ২৯/০৬/২০২০খ্রিঃ তারিখে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোমধ্যে আবেদনকারী যোগ্য **প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তারা নতুন নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন এবং পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নতুন করে প্রবেশ পত্র ইস্যু করা হবে।**

**২০. ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

16/3/2022

(অধ্যাপক ডাঃ মোঃ শামিউল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।